

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৮৩

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. হাজতের (পেশাব-পায়খানার) জন্য যাওয়া প্রসঙ্গে

بَابٌ: فِي الذَّهَابِ إِلَى الْحَاجَةِ

আরবী

أَخْبَرَنَا يَعْلَى بْنُ عُبَيْدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ قَالَ كُنْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَعْضِ أَسْفَارِهِ وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَعْضِ أَسْفَارِهِ وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا ذَهَبَ إِلَى الْحَاجَةِ أَبْعَدَ

إسناده حسن

বাংলা

৬৮৩. মুগীরাহ ইবনু শু'বাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কতক সফরে সাথে তাঁর ছিলাম। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন হাজত পূরণে (পায়খানায়) গমন করতেন, তখন তিনি অনেক দূরে চলে যেতেন।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আহমদ ৪/২৪৮; আবু দাউদ ১; তিরিমিয়ী ২০; নাসাঈ ১/১৮, ১৯; ইবনুল জারুদ নং ২৭; বাইহাকী, ১/৯৩। আর শাহিদ হাদীস রয়েছে আব্দুর রহমান্ ইবনু আবী কুরাদ হতে নাসাঈ ১/১৭, ১৮; সহীহ ইবনু খুযাইমা নং ৫১। আর মুগীরা'র হাদীসটি রয়েছে বুখারী ৩৬৩ ও মুসলিম ২৭৪ (৭৭) যেখানে রয়েছে: "যখন তিনি হাজতে যেতেন, তখন চলতে থাকতেন এমনকি তিনি আমার দৃষ্টি সীমার বাইরে চলে যেতেন এবং হাজত সারতেন।"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন